# আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯ : ৫৯

## আরবি মূল আয়াত:

بَلٰی قَد جَآءَتکَ اٰیٰتِی فَکَذَّبتَ بِهَا وَ استَکبَرتَ وَ کُنتَ مِنَ الکٰفِرِینَ

﴿৫৯﴾

## অনুবাদসমূহ:

হ্যাঁ, অবশ্যই তোমার কাছে আমার নিদর্শনাবলী এসেছিল, অতঃপর তুমি সেগুলোকে অস্বীকার করেছিলে এবং তুমি অহঙ্কার করেছিলে। আর তুমি কাফিরদের অন্তর্ভুক্ত ছিলে। — আল-বায়ান

(তাকে উত্তর দেয়া হবে) না, বরং তোমার কাছে আমার নিদর্শন এসেছিল, তখন তুমি সেগুলোকে মিথ্যে বলে অস্বীকার করেছিলে, অহংকার করেছিলে আর কাফিরদের অন্তর্ভুক্ত ছিলে। — তাইসিরুল

প্রকৃত ব্যাপারতো এই যে, আমার নিদর্শন তোমার নিকট এসেছিল, কিন্তু তুমি এগুলিকে মিথ্যা বলেছিলে এবং অহংকার করেছিলে; আর তুমিতো ছিলে কাফিরদের একজন। — মুজিবুর রহমান

But yes, there had come to you My verses, but you denied them and were arrogant, and you were among the disbelievers. — Sahih International

৫৯. হ্যাঁ, অবশ্যই আমার নিদর্শন তোমার কাছে এসেছিল, কিন্তু তুমি এগুলোতে মিথ্যারোপ করেছিলে এবং অহংকার করেছিলে; আর তুমি ছিলে কাফিরদের অন্তর্ভুক্ত।

-

তাফসীরে জাকারিয়া

(৫৯) (আল্লাহ বলবেন,) প্রকৃত ব্যাপার তো এই যে, আমার নিদর্শনসমূহ তোমার নিকট এসেছিল; কিন্তু তুমি ঐগুলিকে মিথ্যা বলেছিলে এবং অহংকার করেছিলে। আর তুমি ছিলে অবিশ্বাসীদের একজন। [1]

[1] এটা মহান আল্লাহ তাদের বাসনামূলক উক্তির উত্তরে বলবেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4117

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন